মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক কে গার্ড অফ অনার প্রদান শেষে দাফন

মেহেরপুরের মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক কে গার্ড অব অনার প্রদান শেষে দাফন করা হয়েছে। সোমবার রাত সাড়ে ৯ টার সময় আনন্দবাস দক্ষিনপাড়া খেলার মাঠে গার্ড অব অনার প্রদান করা হয়।

এর আগে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহন করেন।

এ সময় মুজিবনগর উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) আব্দুল হাশেম , বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন ও আব্দুর রব উপস্থিত ছিলেন।

গার্ড অব অনারের সময় উপস্থিত কর্মকর্তা ও মুক্তিযোদ্ধাবৃন্দ মৃত বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক এর মরদেহ জতীয় পতাকা দিয়ে আচ্ছাদন করে সন্মান প্রদর্শন করেন। পরে পুলিশের একটি চৌকষ দল রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করেন। গার্ড অব অনার শেষে আনন্দবাস দক্ষিন পাড়া কবস্থানে তার লাশ দাফনের করা হয়।

উল্লেখ্য, মুজিবনগর উপজেলার বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক (৬৮) দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন। সোমবার সন্ধা সাড়ে ৬ টার দিকে বার্ধক্যজনিত কারনে নিজ বাসভবনে ইন্তেকাল করেন। বীর মুক্তিযোদ্ধা কামাল উদ্দীন মালিথা মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামের মৃত,খটায় মল্লিক এর ছেলে। মৃত্যুকালে তিনি ৪ সন্তানসহ অসংখ্য গুনাগ্রাহী রেখে গেছেন।

কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি’র পূর্নাঙ্গ কমিটি গঠন

ঝিনাইদহের কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপি’র ১শ’ ১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। গত রবিবার জেলা বিএনপির কার্যালয়ে ১শ’ ১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটির নামের তালিকা প্রকাশ ও হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিতা হয়।

গত ২২ মার্চ বিএনপির সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জু, জাতীয় নির্বাহী কমিটির সহঃ সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত, সহঃ সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু, জাতীয় নির্বাহী কমিটির সহঃ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুলের উপস্থিতিতে থানা ও পৌর বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে উপজেলা বিএনপি’র সভাপতি নির্বাচিত হন অধ্যাপক আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, সাংগঠনিক সম্পাদক হারুন-অর-রশিদ। এছাড়া কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি নির্বাচিত হন এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল, সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু।

সম্মেলনে ১শ’ ১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটির নামের তালিকা রোববার (১৯ সেপ্টেম্বর) জেলা বিএনপির পক্ষ থেকে হস্তান্তর করা হয়। এসময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক এ্যাডঃ এস এম মশিয়ুর রহমান, সদস্য সচিব এ্যাড. এম.এ মজিদ , ঝিনাইদহ পৌর শাখার আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস।

এসময় উপজেলা বিএনপি’র যুগ্ন-সাধারন সম্পাদক হুমায়ন কবির মিলন, যুব বিষয়ক সম্পাদক আশরাফুজ্জামান খাঁন মুকুল, পৌর বিএনপির সহ-সভাপতি শাহরিয়ার রহমান মামুন, পৌর বিএনপির যুব বিষয়ক সম্পাদক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা বিএনপি’র দফতর সম্পাদক শহিদুল ইসলাম ভূইয়া উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[

জীবননগর থানার ওসি সাইফুল ইসলামকে বিদায় সংবধনা প্রদান

জীবননগর থানার চৌকস অফিসার ইনচাজ (ওসি)মোঃ সাইফুল ইসলামকে বিভিন্ন সমাজিক,রাজনৈতিক ও সেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে বিদায় সংবধনা প্রদান করা হয়েছে।

সোমবার বিকাল ৫টার সময় জীবননগর থানার আয়োজনে জীবননগর থানার (ওসি)তদন্ত মারুফ হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্তিত থেকে বিদায়ী অফিসার ইনচাজকে সম্মননা স্বারক প্রদান করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু,জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু,সাধারন সম্পাদক জামাল হোসেন খোকন,সাংবাদিক মিঠুন মাহমুদ ,মাজেদুল মিল্টন, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান জীবননগর থানার সকল কমকতাগন উপস্থিত ছিলেন।

একই দিনে জীবননগর সাংবাদিক সমিতির আয়োজনে সাংবাদিক সমিতির কাযলয়ে ওসি সাইফুল ইসলামকে বিদায় সম্মননা প্রদান করা হয় ।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর সাংবাদিক সমিতির উপদেষ্ঠা ও সাপ্তাহিক জীবননগর বাতার সম্পাদক শামসুল আলম, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু,সাধারন সম্পাদক জামাল হোসেন খোকন,এবং সন্ধার সময় জীবননগর সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার পক্ষ থেকে সম্মাননা স্বারক ক্রেস্ট প্রদান করা হয় একই সাথে জীবননগর বন্ধু ফাউন্ডেশনের আয়োজনে ওসি সাইফুল ইসলামকে বিদায়ী সম্মননা স্বারক প্রদান করা হয়।এ সময় উপস্থিত ছিলেন,জীবননগর বন্ধু ফাউন্ডেশনের সভাপতি মিঠুন মাহমুদ,এ আর ডাবলু,যুগ্ন সম্পাদক তুহিনুজ্জামান,লাবনী,ঐম্বয সাহা,সাকিব হাসনাত মুন প্রমুখ।

[illegible]

[illegible] (the "Agreement") is made and entered into as of [illegible] (the "Effective Date") by and between [illegible], a [illegible] corporation, with its principal place of business at [illegible] ("Party A"), and [illegible], a [illegible] corporation, with its principal place of business at [illegible] ("Party B"). Party A and Party B may be referred to individually as a "Party" and collectively as the "Parties."

WHEREAS, Party A [illegible] and Party B [illegible]; and

WHEREAS, the Parties desire to enter into this Agreement to set forth the terms and conditions under which Party B shall [illegible] for Party A, and Party A shall [illegible] for such [illegible];

NOW, THEREFORE, in consideration of the mutual covenants and agreements hereinafter set forth, and for other good and valuable consideration, the receipt and sufficiency of which are hereby acknowledged, the Parties agree as follows:

[illegible]

আটক-১

মেহেরপুরের গাংনীতে আশিক (১৮) নামের এক মাদকসেবীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।
রোববার রাত সাড়ে ৮ টার দিকে গাংনী বাজারের সদর উদ্দিন মার্কেটে হিরকের সোনার দোকানের পাশ থেকে তাকে আটক করা হয়। এ সময় তার দেহ তল্লাশি করে চার পিস নিষিদ্ধ সিনটাডল-100gm ট্যাবলেট উদ্ধার করা হয়। আটককৃত আশিক উপজেলার গাঁড়াডোব গ্রামের পুকুরপাড়ার রবিউল ইসলামের ছেলে।
গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, গাংনী বাজারে সদর উদ্দিন মার্কেটে হিরকের সোনার দোকানের পাশে তিনজন মাদকসেবী অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানা পুলিশ পরিদর্শক (তদন্ত) শাহ আলম ও সেকেন্ড অফিসার প্রহলাদ অভিযান চালিয়ে আশিক নামের এক যুবককে ৪ পিস নিষিদ্ধ সিনটাডল- 100mg ট্যাবলেটসহ আটক করেন। এ সময় আশিকের সাথে থাকা দুজন সুকৌশলে পালিয়ে যায়। আটককৃত আশিকের বিরুদ্ধে গাংনী থানায় মামলার প্রক্রিয়া চলছে।

মাথাভাঙ্গা নদীতে নিখোঁজ হওয়া রানার সন্ধান এখনও মেলেনি

নদীতে গোসল করতে গিয়ে নিখোঁজ হওয়া রানা (১৬)কে এখনও খুঁজে পাওয়া যায়নি। রানা কুষ্টিয়ার দৌলতপুর থানার বোয়ালিয়া ইউনিয়নের সরিষাডুলি গ্রামের নুরুজ্জামানের ছেলে।

সরিষাডুলি গ্রামের পল্লী চিকিৎসক হাফিজুর রহমান (লালু ডাক্তার) জানান, গতকাল রোববার (১৯/০৯/২০২১) দুপুরে রানা ও জিহাদ দুই বন্ধু গ্রামের পাশ দিয়ে বহমান মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায়। গোসলের একপর্যায়ে রানা নদীর স্রোতে হঠাৎ তলিয়ে যায়। এ ঘটনার পর থেকে স্থানীয় লোকজন ও মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দি ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের সদস্যরা এবং খুলনা থেকে একটি চৌকস ডুবুরি টিম এসে তল্লাশি অভিযান পরিচালনা করেন।

রোববার সন্ধ্যা পর্যন্ত তল্লাশি চালিয়েও সন্ধান পাইনি নিখোঁজ

রানার। ফলে সোমবার সকাল থেকে দ্বিতীয় দিনের মতো তল্লাশি অভিযান শুরু হয়। বিরতিহীন ভাবে বিকেল পর্যন্ত চলে তল্লাশি অভিযান। বিকেল পর্যন্ত সমস্ত প্রচেষ্টাকে ব্যর্থ হয়। পাওয়া যায়নি নিখোঁজ হওয়া রানার সন্ধান।

খুলনা ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের টিম লিডার শফিকুল ইসলাম জানান, নদীতে স্রোত বইছে। ফলে দুদিন ধরে তাদের সকল প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। তিনি আরো জানান, নিখোঁজ রানার সন্ধান না পাওয়া পর্যন্ত ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের সদস্যরা নদীর উপরে টহল অব্যাহত রাখবেন।

মেহেরপুরে মানুষের মাথার খুলি উদ্ধার

মেহেরপুর শহরের শহীদ গফুর সড়কে বাড়ি নির্মাণ কাজ করতে গিয়ে মানুষের একটি মাথার খুলি উদ্ধার করা হয়েছে । সোমবার সকালের দিকে শহীদ গফুর সড়ক এলাকায় জনৈক খায়রুল ইসলামের বাড়ি করার জন্য শ্রমিকরা সেখানে মাটি খোঁড়ার কাজ শুরু করেন।

মাটি কাটার সময় হঠাৎ করেই মানুষের মাথার একটি খুলি বেরিয়ে আসে। এ খবর প্রচারিত হওয়ার পর থেকে সেখানে উৎসুক মানুষ ভিড় জমান।

মেহেরপুরে বৃদ্ধার গলা থেকে চেইন ছিনতাই

মেহেরপুর শহরের চক্কর পাড়ায় ছিনতাইকারীর কবলে পড়েন রহিমা খাতুন
(৭০) নামের এক বৃদ্ধা। ফলে বৃদ্ধার গলায় থাকা স্বর্ণের চেইনটি খোয়া যায়। রহিমা খাতুন চক্করপাড়ার মোকবুল হোসেনের স্ত্রী।

সোমবার সকালে এ ঘটনা ঘটে।

পরিবারের অভিযোগ, বৃদ্ধা রহিমা খাতুন প্রতিনিনের ন্যায় আজ সকালে হাঁটার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয়ে রাস্তায় যাচ্ছিলেন। ঠিক সেই সময় ছিনতাইকারী তার গলায় থাকা স্বর্ণের চেইন ছিনতাই করে পালিয়ে যায়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহা দারা জানান, ঘটনা শুনেছি, কিন্তু কোন লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

মুজিবনগরে ডজন খানকে গ্রেফতারী পরোয়ানা ভুক্ত আসামী গ্রেফতার

মুজিবনগর থানা পুলিশের সারাশী অভিযানে ডজন খানেক গ্রেফতারী পরোয়ানাভুক্ত আসামী গ্রেফতার হয়ছে। রবিবার দিবাগত সন্ধা রাত থেকে সোমবার ভোর রাত প্রযন্ত সারারাতব্যাপী অভিযানে বিভিন্ন গ্রামের বিভিন্ন স্থান থেকে ৯ জনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীরা হলেন,মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামের রহিদুল ইসলামের ছেলে কাহেরুল ইসলাম(৩০), মৃত,তাহাজউদ্দীনের ছেলে আকামুল শেখ(২৭), মৃত সার্থক গাইনের ছেলে শাহীন গাইন(২৮), মৃত কায়মুদ্দীনের ছেলে মজিদুল শেখ(৩২),মৃত সুলতান শেখের ছেলে ইস্রাফিল(৩২), ইস্রাফলের স্ত্রী বিলকিস খাতুন(২৪), শিবপুর গ্রামের ইসাহাক গাজির ছেলে হায়দার গাজী(৪৮),গৌরিনগর গ্রামের আজাহারুল এর ছেলে সহিদ(২৮)ও টুঙ্গী গোপালপুর গ্রামের মৃত ফুলসুরাতের ছেলে লুক্কাই(২৬)। মুজিবনগর থানা সূত্রে জানা গেছে,মুজিবনগর থানার অফিসার ইর্নচাজ আব্দুল হাশেমের নেতৃত্বে এসআই আব্দুল আলিম শেখ,এস আই মশিউর রহমান,এসআই ইস্রাফিল,এসআই সুভাসসহ সঙ্গীয় ফোর্স নিয়ে সারা রাতব্যাপি অভিযান চালিয়ে বিভিন্ন স্থান থেকে তাদের গ্রেফতর করা হয়। মুজিবনগর থানার অফিসার ইর্নচাজ আব্দুল হাশেম জানান,আটককৃতদের সোমবার দুপুরে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরন করা হবে।